# বাংলাদেশিদের জন্য ভারতীয় ভিসা শিগগিরই চালু হবে: পররাষ্ট্র প্রতিমন্ত্রী




সংগৃহীত ছবি

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম জানিয়েছেন, বাংলাদেশের নাগরিকরা খুব শিগগিরই ভারতীয় টুরিস্ট ভিসাসহ সব ধরনের ভিসা নিতে পারবেন। ইতিমধ্যেই ভারতীয় হাইকমিশনারের সঙ্গে বৈঠক অনুষ্ঠিত হয়েছে এবং ভিসা পুনঃচালুর বিষয়ে তারা ইতিবাচক মনোভাব প্রকাশ করেছেন।

পররাষ্ট্র মন্ত্রণালয় কাজ করছে যাতে দ্রুত ভিসা প্রক্রিয়া স্বাভাবিক হয় এবং বাংলাদেশিরা সহজে ভারত সফর করতে পারেন।

শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) বিকেলে ফরিদপুরের সালথা উপজেলার খায়াড় গ্রামে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর মাঝে অনুদান বিতরণের সময় সাংবাদিকদের তিনি এসব তথ্য জানান। পরে ক্ষতিগ্রস্তদের জন্য খাদ্যসামগ্রী বিতরণও করেন। এ সময় স্থানীয় প্রশাসন, সালথা উপজেলা বিএনপি ও বিভিন্ন সহযোগী সংগঠনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

এর আগে ২০২৪ সালের আগস্টে গণঅভ্যুত্থানের পর বাংলাদেশ-ভারতের সম্পর্ক কিছুটা টানাপোড়েনের মধ্য দিয়ে গেছে। এক পর্যায়ে দেশে ভারতীয় ভিসা সেন্টারগুলোর পরিষেবা সীমিত হয়ে যায়।

LENS ASIA